

ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
		কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকে সংরক্ষিত তাদের প্রকল্প পরিচালনা হিসাব হতে প্রয়োজনীয় অর্থ উত্তোলন করতে পারবে। (২) স্বায়ত্ত্বাশাসিত/আধাস্বায়ত্ত্বাশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	করতে হবে।
	(ঘ) DOSA (Dollar Special Account)	(১) ঋণচুক্তির শর্ত অনুসারে অর্থ বিভাগের সম্মতিক্রমে বাংলাদেশ ব্যাংকে ইউ এস ডলারে একটি বিশেষ হিসাব (DOSA) খোলা যাবে। (২) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাব অনুযায়ী অর্থ বছরের শুরুতে অর্থ বিভাগ উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক বরাবরে অথরাইজেশন আদেশ জারী করবে। এই অথরাইজেশনের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত DOSA হিসাব হতে প্রয়োজনীয় অর্থ উত্তোলন করা যাবে। (৩) স্বায়ত্ত্বাশাসিত/আধাস্বায়ত্ত্বাশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে অর্থ বিভাগ অথরাইজেশন জারী করবে। (২) স্বায়ত্ত্বাশাসিত/আধাস্বায়ত্ত্বাশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) DOSA হিসাবের ব্যবহার এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী অর্থ বিভাগের ৫/০১/১৯৯৩ তারিখের পরিপত্র (সংলগ্নী-১৫) অনুযায়ী পরিচালিত হবে। (২) ৪ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।
৫.	খাদ্য সাহায্যপুষ্টি প্রকল্পের বরাদ্দকৃত অর্থ/খাদ্য- সামগ্রী অবমুক্তি	(১) স্থানীয় মুদ্রা (নগদ অর্থ) অবমুক্তির ক্ষেত্রে ১নং ক্রমিকের ৩ নং কলামে বর্ণিত বিধান অনুসরণ করতে হবে। খাদ্য শস্য অবমুক্তির ক্ষেত্রে ৩য় কিস্তি পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় অবমুক্ত করতে পারবে এবং আদেশের একটি কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। (২) সরকারের নিজস্ব সম্পদে বাস্তবায়িত প্রকল্পের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে তিন কিস্তির সমপরিমাণ খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে। (৩) চতুর্থ কিস্তির খাদ্য সামগ্রী (এপ্রিল-জুন সময়ে) পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের সম্মতিতে এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ চূড়ান্ত হলে শুধু অর্থ বিভাগের সম্মতিক্রমে অবমুক্ত করা যাবে।	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে বৈদেশিক সাহায্য পুষ্টি/ সরকারের নিজস্ব সম্পদে বাস্তবায়িত প্রকল্পের প্রয়োজনীয় অর্থ ও খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে। খাদ্য সামগ্রী দেশে পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে। (২) স্বায়ত্ত্বাশাসিত/আধা-স্বায়ত্ত্বাশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) উন্নয়ন সহযোগীর সাথে চুক্তি স্বাক্ষরিত না হলে খাদ্য সাহায্যপুষ্টি প্রকল্পের কোন কিস্তির খাদ্য সামগ্রী উত্তোলন করা যাবে না। (২) খাদ্য সাহায্যপুষ্টি প্রকল্পের স্থানীয় মুদ্রা (নগদ অর্থে যদি থাকে) অবমুক্তির ক্ষেত্রে ১ নং ক্রমিকে ৫নং কলামের বর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে। (৩) খাদ্য সাহায্যপুষ্টি প্রকল্পে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের অর্থ (নগদ অর্থে যদি থাকে) অবমুক্তির ক্ষেত্রে ৩ নং ক্রমিকে বর্ণিত বিধান অনুসরণ করতে হবে। (৪) উন্নয়ন সহযোগীর সাথে চুক্তি স্বাক্ষরিত এবং নির্ধারিত খাদ্য সামগ্রী দেশে এসে পৌঁছে থাকলে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে তিন কিস্তির সমপরিমাণ খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে।